# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2015

SECOND YEAR

BENGALI (Honours)

Date : 22/05/2015

Time : 11 am – 3 pm | Paper : IV | Full Marks : 100

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - ক

১। বাংলা উপন্যাসে সতীনাথ ভাদুড়ির অবদান সম্পর্কে আলোচনা করো। (১১)

**অথবা,**

বাংলা উপন্যাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। (১১)

২। টীকা লেখো (যে কোনো **একটি**) ঃ (১ × ৪)

আরণ্যক, জননী

৩। ''জেবউন্নিসা সম্রাট্ প্রাসাদের অবরুদ্ধ অচেতন আরামগর্ভ হইতে তীব্র যন্ত্রণার পর ধুলায় ভূমিষ্ঠ হইয়া উদার জগতীতলে জন্মগ্রহণ করিল।''

— সমালোচকের এই বক্তব্যের ভিত্তিতে জেবউন্নিসা-র আত্মোপলব্ধির প্রসঙ্গটি ব্যাখ্যা করো। (১১)

**অথবা,**

'রাজসিংহ'-র উপসংহার অংশে বঙ্কিম লিখেছেন — ''অন্যান্য গুণের সহিত যাহার ধর্ম্ম আছে — হিন্দু হৌক মুসলমান হৌক সেই শ্রেষ্ঠ।''

— বঙ্কিমের এই অভিমত 'রাজসিংহ' উপন্যাসে যথার্থরূপে প্রকাশ পেয়েছে কী? ব্যাখ্যা করো। (১১)

৪। ''আমি যে আরও দূরাকাঙ্ক্ষা রাখি, —তাহা দরিদ্রের ধর্ম্ম বলিয়া জানিবেন।''

—বক্তা কে? 'দূরাকাঙ্ক্ষা' কী? 'দরিদ্রের ধর্ম্ম' কী? (১ + ১ + ১)

**অথবা,**

''তোপ ত আমাদেরই হইবে — তারপর দেখা যাইবে'' —

বক্তা কে? কোন ঘটনার সূত্রে বক্তা এই মন্তব্য করেছেন ব্যাখ্যা করো। (১ + ২)

৫। 'ঘরে বাইরে' উপন্যাসে নিখিলেশ চরিত্রে রবীন্দ্র দৃষ্টিভঙ্গির কতখানি প্রতিফলন ঘটেছে, আলোচনা করো। (১১)

**অথবা,**

আত্মকথন রীতির প্রয়োগ 'ঘরে বাইরে' -তে কতোখানি সার্থকতা লাভ করেছে, আলোচনা করো। (১১)

৬। ''আমি তোমাকে আশীর্বাদ করছি, ভগবান তোমাকে রক্ষা করুন।''

— কে, কাকে এই কথা বলেছে? এই উক্তির কারণ কী? (১ + ১ + ১)

**অথবা,**

''তিনি বললেন, দেশের আশীর্বাদ দেশলক্ষ্মীদের কণ্ঠ থেকেই তো পাব।''

— কে, কাকে বললেন? 'আশীর্বাদ' টি কী ছিলো? (১ + ১ + ১)

৭। 'গৃহদাহ' উপন্যাসের 'অচলা' চরিত্রটি শরৎ-প্রতিভার অসামান্য সৃষ্টি — আলোচনা কর। (১১)

**অথবা,**

'গৃহদাহ' উপন্যাসের নামকরণের তাৎপর্য আলোচনা করো। (১১)

৮। ''কিন্তু এ যেন সেই লক্ষ্মীহীন বৈকুণ্ঠ। মাঝে মাঝে চোখে জল রাখতে পারি নে বৌমা!''

বক্তা কে? বৌমাটি কে? উদ্ধৃতির প্রসঙ্গ নির্দেশ করো। (১ + ১ + ১)

**অথবা,**

‘‘নাঃ — তুমিই জিতেছ সেজদা। আমাকে বিয়ে করলে ঠকে মরতে ভাই।’’

—বক্তা কে? উদ্ধৃতিটির প্রসঙ্গ নির্দেশ করো। (১ + ২)

৯। বাংলা ছোটোগল্পের ইতিহাসে পরশুরাম **অথবা** নরেন্দ্রনাথ মিত্রের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। (১১)

১০। টীকা লেখ (যে কোনো **একটি**)ঃ (১ × ৪)

মানিক বন্দ্যোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র

১১। ‘হালদারগোষ্ঠী’ থেকে রবীন্দ্র ছোটোগল্পের পর্বান্তর ঘটেছে। — আলোচনা করো। (১১)

**অথবা,**

‘নিশীথে’ গল্পটিকে কতদূর অতিপ্রাকৃত বলা যায়? (১১)

১২। ‘‘আমি তো তাহার সহিত একপ্রকার আড়ি করিয়াছি।’’

— বক্তা কে? অল্প কথায় ‘তাহার’ পরিচয় দাও। (১ + ২)

**অথবা,**

‘‘আজ আমার পাওনা যদি ফুরিয়ে গিয়ে থাকে তো নালিশ করব না।’’

— বক্তা কে? উক্তিটির তাৎপর্য কী? (১ + ২)

—————— × ——————

**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2015**

**SECOND YEAR**

Date : 22/05/2015 **BENGALI (Honours)**

Time : 11 am – 3 pm Paper : IV Full Marks : 100

**Roll No.......................................**

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট।**
**২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

**<u>বিভাগ - খ</u>**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ—

১। ব্যুৎপত্তি নির্ণয় কর ঃ— (১৪ × ০.৫)

i) গ্রহণ

ক) গ্রহ + অনট্ খ) গ্রহ্ + অনট গ) গ্রহ + অনট ঘ) গ্রহ্ + অনট্

ii) দ্রষ্টব্য

ক) দৃশ্ + টব্য খ) দৃশ্ + তব্য গ) দৃষ্ + তব্য ঘ) দৃষ্ + টব্য

iii) করণীয়

ক) কৃ + অণীয় খ) কর্ + অনীয় গ) কৃ + অনীয় ঘ) কর্ + অণীয়

iv) বুদ্ধিমান

ক) বুদ্ধি + বতুপ্ খ) বুদ্ধি + মতুপ্ গ) বুদ্ধি + মতুপ ঘ) বুদ্ধি + বতুপ

v) নীলিমা

ক) নীল + ইমা খ) নীল + ইমন গ) নীল + ইমন্ ঘ) নিল + ইমা

vi) মৃণ্ময়

ক) মৃৎ + ময়ট খ) মৃৎ + ময় গ) মৃৎ + ময়ট্ ঘ) মৃণ্ + ময়

vii) প্রতিযোগিতা

ক) প্রতিযোগি + তা খ) প্রতিযোগী + তা গ) প্রতীযোগী + তা ঘ) প্রতীযোগি + তা

viii) দায়িত্ব

ক) দায়ি + ত্ব খ) দায়িন্ + ত্ব গ) দায়ী + ত্ব ঘ) দায়ীন্ + ত্ব

ix) নৈপুণ্য

ক) নিপুণ + ষ্ণ খ) নিপুণ + ষ্ণ্য গ) ণিপুন + ষ্ণ ঘ) ণিপুন + ষ্ণ্য

x) শারীরিক

ক) শরীর + ষ্ণীক খ) শরির + ষ্ণিক গ) শরীর + ষ্ণিক্ ঘ) শরীর + ষ্ণিক

xi) পিপাসা

ক) পা + সন + অ + আ খ) পা + সন্ + অ + আ গ) পা + সন্ + আ + অ ঘ) পা + সন + আ + অ

xii) বর্ধমান

ক) বর্ধ্ + শানচ খ) বৃধ্ + শানচ গ) বৃধ্ + শানচ্ ঘ) বর্ধ্ + শানচ্

xiii) দ্রবীভূত

ক) দ্রব + চ্বী + ভূ + ক্ত খ) দ্রব + চ্বি + ভূ + ক্ত গ) দ্রব + চ্বি + ভু + ক্ত ঘ) দ্রব + চ্বী + ভু + ক্ত

xiv) প্রহার

ক) প্র-হৃ + ঘঞ্ খ) প্র-হৃ + ঘঞ গ) প্র-হর্ + ঘঞ্ ঘ) প্র-হর্ + ঘঞ

২। নির্দেশ অনুসারে পরিবর্তন কর ঃ— (৭)

i) পরমেশ্বর তাহাদের তিতিক্ষা শক্তি প্রদান করিয়াছেন। (কর্মবাচ্যে)

ii) বাংলার মুখ আমি দেখিয়াছি। (ভাববাচ্যে)

iii) মহাশয়ের কোথায় থাকা হয়? (কর্তৃবাচ্যে)

iv) সাঁতার জানলে আবার ভয় কীসের? (জটিল বাক্যে)

v) সে অসুস্থ কিন্তু পরীক্ষা দিচ্ছে। (সরল বাক্যে)

vi) নেপালে ভূমিকম্প মানুষের মধ্যে প্রবল আতঙ্ক সৃষ্টি করেছে। (প্রশ্নবোধক বাক্যে)

vii) শিশু প্রথম প্রথম হাঁটতে পারে না। (অস্ত্যর্থক বাক্যে)

——— × ———